দৈনিক বাংলা

তারিখ ৬।২।৮২
পৃষ্ঠা ৩ কলাম ২

07

প্রকল্প কর্মীদের সমাবেশে শাহ আজিজ

# প্রাথমিক শিক্ষার পুনর্বিন্যাস করা হচ্ছে

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বলেছেন, প্রাথমিক শিক্ষা একটি সাংবিধানিক দায়িত্ব। সরকার সে দায়িত্ব পালনে বদ্ধপরিকর।

তিনি বলেন, দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনায় শিক্ষাখাতে প্রস্তাবিত মোট ব্যয়ের ৪০ শতাংশেরও বেশী প্রাথমিক শিক্ষার জন্যে বরাদ্দ করা হয়েছে।

বাসস পরিবেশিত এ খবরে প্রকাশ প্রধানমন্ত্রী বৃহস্পতিবার প্রাথমিক শিক্ষা প্রকল্পের মূল প্রকল্প কর্মী-দের জন্য প্রথম 'ওরিয়েন্টেশন কর্ম-সালা উদ্বোধন করছিলেন।

শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা উপ-দেষ্টা ডক্টর মোহাম্মদ সেলিম এই উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যাপক আবদুল বাতেন ও ইউনে-স্কোর প্রধান কারিগরী উপদেষ্টা মিঃ জে আর হাস্টিংটনও বক্তৃতা করেন।

শাহ আজিজ বলেন, সমাজের প্রয়োজন ও চাহিদার সঙ্গে সামঞ্জস্য-পূর্ণ করার জন্যে প্রাথমিক শিক্ষার পুনর্বিন্যাস করা হচ্ছে।

তিনি বলেন, শিক্ষাদানের মান উন্নত এবং শিক্ষকদের মধ্যে আরও বেশী দায়িত্ববোধ সৃষ্টি করার জন্যে একটি শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচী হাতে নেয়া হচ্ছে।

দ্বিতীয় পরিকল্পনাকালে প্রত্যেক ছাত্রের জন্যে প্রাথমিক শিক্ষা হবে সর্বজনীন অবৈতনিক এবং বাধ্যতা-মূলক এবং ছাত্রীদের জন্যে আমাদের বিনামূল্যে পাঠ্যবই ও ইউনিফর্ম দেয়ার পরিকল্পনা রয়েছে বলে তিনি উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী বাংলাদেশে শিক্ষার উন্নয়নের জন্যে বিশ্বব্যাংক ও ইউ-নেস্কোর দেয়া সাহায্য সহযোগিতার ভূয়সী প্রশংসা করেন।

ওয়ার্কশপে অংশগ্রহণের জন্যে আগত বিদেশী মেহমানদের স্বাগত জানিয়ে তিনি আশা প্রকাশ করেন যে ওয়ার্কশপে যেসব আলাপ-আলো-চনা হবে সেগুলো হবে শিক্ষামূলক এবং উৎপাদনশীল।